

প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত দক্ষ ও আন্তর্জাতিক মানসম্মত স্মার্ট পুলিশ গঠন করার লক্ষ্য অর্জন করার জন্য পুলিশ প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে দায়িত্ব পালন করতে হবে

ইস্পেক্টর জেনারেল অব পুলিশ



অদ্য ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে পুলিশ স্টাফ কলেজ এর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ এর “কারিকুলাম ডেভেলপমেন্ট অব স্মার্ট পুলিশিং’ শীর্ষক ওয়ার্কশপ পুলিশ স্টাফ কলেজের রেক্টর ড. মল্লিক ফখরুল ইসলাম, বিপিএম, পিপিএম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। ইস্পেক্টর জেনারেল অব পুলিশ জনাব চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, বিপিএম (বার) পিপিএম প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করবেন এমডিএস মো: মতিউর রহমান শেখ ও মো: গোলাম রসুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ একাডেমি, সারদার অধ্যক্ষ মীর রেজাউল আলম, বিপিএম (বার)। কর্মশালায় বাংলাদেশ পুলিশের সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ইস্পেক্টর জেনারেল বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প-২০৪১ এর ধারাবাহিকতায় বিগত পুলিশ সপ্তাহের অনুষ্ঠানে স্মার্ট পুলিশিং কার্যক্রমের ঘোষণা করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, জাতির পিতা ১৯৭৫ সালে অনুষ্ঠিত প্রথম পুলিশ সপ্তাহের অনুষ্ঠানে পুলিশকে জনগণের পুলিশ হওয়ার আহবান জানিয়েছেন এবং পুলিশকে আন্তর্জাতিক পর্যায়ে কাজ করার মতো দক্ষতা অর্জনের বিষয়ে নির্দেশনা প্রদান করেছেন। জাতির পিতার নির্দেশনা ও মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ‘দক্ষ ও আন্তর্জাতিক মানসম্মত স্মার্ট পুলিশ গঠন করার লক্ষ্য অর্জন করার জন্য পুলিশ প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে দায়িত্ব পালন করতে হবে’। বহুমাত্রিক অপরাধের প্রতিরোধ ও প্রতিকার এবং জনঅংশগ্রহণমূলক পুলিশি সেবা প্রদানের জন্য পুলিশকে দায়িত্ব পালন করতে হবে। স্মার্ট পুলিশিং এর কার্যক্রমকে এগিয়ে নেওয়ার জন্য সকল প্রকার সহায়তা প্রদান করা হবে। কর্মশালার সফলতা কামনা করে তিনি পুলিশ স্টাফ কলেজের রেক্টরকে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

রেক্টর বলেন, বাংলাদেশ পুলিশের উচ্চতর প্রশিক্ষণ, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান হিসেবে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধির জন্য সময়োপযোগী এবং প্রাসঙ্গিক প্রশিক্ষণ কারিকুলাম প্রস্তুত ও সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ। “স্মার্ট পুলিশিং” সম্পর্কিত তেরো অধ্যায়ে বিভক্ত কারিকুলামের খসড়া প্রণয়ন তারই অংশ। স্মার্ট পুলিশিং এর খসড়াটি অংশীজনদের মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হবে। তিনি উল্লেখ করেন স্মার্ট পুলিশিং কারিকুলাম প্রণয়নের ক্ষেত্রে উন্নত বিশ্বের দেশগুলোর উত্তম চর্চাগুলোকে আমলে নেওয়া হয়েছে। তিনি আইজিপিসহ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধানগণকে কর্মশালায় অংশগ্রহণ করায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

কর্মশালার বিশেষ অতিথি বলেন, খসড়া কারিকুলাম চূড়ান্ত রূপ দেওয়ার জন্য তথ্য প্রযুক্তিসহ আধুনিক জ্ঞান ও বিজ্ঞানের তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়গুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজন রয়েছে।